**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 MARCH 2025** **7:35 AM PM IST**

==========================================================================

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন অপরাধ এবং অপরাধিদের বিরুদ্ধে আসাম পুলিশের গ্রহণ করা কঠোর পদক্ষেপের পরিপ্রেক্ষিতে রাজ্যে অপরাধমূলক কাজকর্ম উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং এর ফলে বিগত কয়েক বছরের প্রশাসনিক কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে ।গতকাল মেঘালয়ের রি-ভই জেলার উমরাংশু গ্রামে উত্তরপূর্ব পুলিশ একাডেমীর ৭০ জন উপ পুলিশ অধীক্ষক প্রশিক্ষার্থীদের সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করে এ মন্তব্য করেন ।মুখ্যমন্ত্রী বলেন যে বর্তমান রাজ্য সরকার অপরাধের সংখ্যা হ্রাস করা সহ রাজ্যের উন্নয়নের যাত্রায় জনসাধারণ যাতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে সেই বিষয়ে পদক্ষেপ গ্রহণ করে । আসাম পুলিশ রাজ্যসরকারের গ্রহণ করা সিদ্ধান্তের সঙ্গে সামঞ্জস্য রেখে সবধরণের অপরাধের বিরুদ্ধে কঠোর স্থিতি গ্রহণ করে অভিযান চালিয়ে আসছে বলে তিনি মন্তব্য করেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ৭০ জন উপ পুলিশ অধীক্ষককে অভিনন্দন জ্ঞাপন করেন । উল্লেখ্য বিগত বছরের দোসরা এপ্রিল থেকে আরম্ভ হওয়া উত্তরপূর্ব পুলিশ একাডেমীর ৫৪ তম

মৌলিক প্রশিক্ষণ পাঠ্যক্রমে অংশগ্রহণ করা ৭০ জন উপ পুলিশ অধীক্ষকের মধ্যে ৬২ জন আসামের এবং ৮ জন মিজোরামের ।

---

মায়ানমার ও থাইল্যান্ডের ভূমিকম্পে মৃতের সংখ্যা ১৪৪ জনে বৃদ্ধি পেয়েছে এবং ৭০০ জনের ও বেশী লোক আহত হয়েছেন বলে জানা গেছে । গতকালের পরপর দুবার বড় ধরণের ভূমিকম্পের পর  আরো বহুবার ঐ অঞ্চলগুলোতে মৃদু ভূকম্প অনুভুত হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ভূমিকম্পের তীব্রতায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন । এবং বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়কে উভয় দেশের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলার নির্দেশ দিয়েছেন । এদিকে ভারত ইতিমধ্যে ম্যায়নমারের উদ্দেশ্যে ওষুধ সহ ১৩ টন প্রয়োজনীয় সামগ্রী প্রেরণ করেছে । রিক্টার স্কেলে সাত দশমিক সাত এবং ছয় দশমিক চার প্রাবল্যের এই দুটি ভূমিকম্পের কম্পন আসাম , বরাক উপত্যাকার জেলাগুলি সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি, উত্তর বঙ্গ ছাড়াও চিনের দক্ষিণ-পশ্চিম অংশে অনুভূত হওয়ার খবর পাওয়া গেছে। এই ভূমিকম্পের ফলে দেশ দুটির বিভিন্ন অঞ্চলে বেশকিছু ক্ষয়ক্ষতি হওয়ার খবর পাওয়া গেছে ।

---

কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও পেনশনারদের মহার্ঘ ভাতার আরো একটি কিস্তি মঞ্জুর করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে   এবছরের পয়লা জানুয়ারী থেকে কার্যকর হওয়া অতিরিক্ত ২ শতাংশ মহার্ঘ্য ভাতা মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এ নিয়ে কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও পেনশনারদের মহার্ঘ্য ভাতা

মূল বেতনের ৫৩ শতাংশ হবে । সরকারের এই সিদ্ধান্তের ফলে সরকারী কোষাগার থেকে বছরে অতিরিক্ত ছয় হাজার ৬১৪ কোটি ৪০ হাজার টাকা ব্যয় হবে। এর দ্বারা প্রায় ৪৮ লক্ষ ৬৬ হাজার কর্মচারী এবং ৬৬ লক্ষ ৫৫ হাজার পেনশনার উপকৃত হবেন বলে এক সরকারী বিবৃতিতে জানানো হয়েছে।

---

সমগ্র রাজ্যে আগামী পয়লা এপ্রিল থেকে ১৭ জুলাই পর্যন্ত স্বাস্থ্যমেলা অনুষ্ঠিত হবে । এরজন্য রাজ্যের স্বাস্থ্য বিভাগ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । স্বাস্থ্যমেলার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের বিভিন্ন সরকারী প্রকল্প ছাড়াও সংক্রামক রোগ শণাক্তকরণ ,রোগ পরীক্ষা ,খাদ্যাভ্যাস ,শরীর চর্চা ,যোগাভ্যাস ইত্যাদি সম্পর্কে জনসাধারণকে অবগত করানো হবে ।

---

আগামী কাল অনুষ্ঠেয় ডি এম ই পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে কাছাড় জেলা প্রশাসন প্রস্তুতি গ্রহণ করেছে ।কাছাড় জেলার মোট ৫৬ টি পরীক্ষা কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে ।এই পরীক্ষা কেন্দ্রগুলোতে কাছাড় জেলা সহ শ্রীভূমি  হাইলাকান্দি ও ডিমাহাসাও জেলার ২৪ হাজার ৮৪৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হবেন ।পরীক্ষা প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখতে ইলেক্ট্রনিক গ্যাজেট , মোবাই , ডিজিট্যাল ঘড়ি ইত্যাদি নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---

শিলচর অধরচাঁন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ১৫০ জন ছাত্রদের মধ্যে বিধায়ক দীপায়ন চক্রবর্তী গতকাল আজ সাইকেল বিতরন করা হয়েছে । বিদ্যালয়ের অধ্যক্ষা বর্নালী ভট্টাচার্য্যের পৌরহিত্যে আয়োজিত সভায় বিধায়ক দীপায়ন চক্রবর্তী সাইকেল বিতরণ করে অধরচাঁন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় গুনোৎসবে এ প্লাস গ্রেড পাওয়ায় ছাত্র , শিক্ষক-শিক্ষিকাদের অভিনন্দন জানিয়েছেন ।

---

ইন্ডিয়া ক্লাব পরিচালিত অনূর্দ্ধ ১৯ একাডেমী ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার আজকের চূড়ান্ত খেলায় লক্ষীপুর এবং শিলচর ডি এস এ দল পরস্পরের মুখোমুখি হবে ।গতকাল শিলচর ডি এস এ একাডেমী // হাইলাকান্দি ব্লাড মাউথ ক্রিকেট একাডেমীর বিরুদ্ধে সাত উইকেটে জয়লাভ করেছে ।এদিকে দ্বিতীয় পুলিন দাস ট্রফি অনূর্দ্ধ ১৪ আন্তঃজেলা ক্রিকেটের দক্ষিণ আসাম জোনের বি গ্রুপের ম্যাচএ আজ শ্রীভূমি দল শিলচরের বিরুদ্ধে খেলবে । গতকাল থেকে শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামে শুরু হওয়া এই প্রতিযোগিতায় গতকাল হাইলাকান্দি ও ওয়েস্ট কার্বি আংলংয়ের মধ্যে অনুষ্ঠিত প্রথম ম্যাচে হাইলাকান্দি ২৪৭ রাণের বিশাল ব্যবধানে জয়লাভ করে ।

---